**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 25.05.2026** | **Desk in Charge: SDG**
**Time: 7-50 PM** | **Edit. &Compile : NBR**
**DEO: KB** | **NRT: Namami B. R.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>

১/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, আজ রাষ্ট্রপতি ভবনে এক বিশেষ অনুষ্ঠানে, পদ্ম পুরস্কার প্রদান করেছেন। # আজ এরাজ্যের ৬'জনের হাতে এই সম্মান তুলে দেওয়া হয়।

২/ দক্ষিণ ২৪ পরগণা এবং মুর্শিদাবাদকে বাদ রেখে গ্রামীণ কর্ম সংস্থানের লক্ষ্যে গোটা রাজ্যে 'ভিবিজি রামজি' আইন কার্যকর হচ্ছে।

৩/ রাজ্যে কর্মসংস্কৃতি এবং বিভিন্ন দপ্তরের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ বৈঠক করেছেন। #আগামী ২২ শে জুন রাজ্য বাজেট পেশ করা হবে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

৪/ রাজ্যের নতুন মুখ্য নির্বাচনী আধিকারিক হয়েছেন, 1998 ব্যাচের IAS নীলম মিনা।

৫/ অনুপ্রবেশের অভিযোগে ধৃতদের রাখার জন্য জেলায় জেলায় 'হোল্ডিং সেন্টার' তৈরির রাজ্য সরকারের নির্দেশের পর, তৎপর জেলা প্রশাসন।

৬/ বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় দক্ষিণবঙ্গে অস্বস্তিকর আবহাওয়া অনুভূত হলেও, আজ বেশ কিছু জেলায় ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

******************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, আজ রাষ্ট্রপতি ভবনে এক বিশেষ অনুষ্ঠানে, পদ্ম পুরস্কার প্রদান করেছেন। পদ্মবিভূষণ', 'পদ্মভূষণ' এবং 'পদ্মশ্রী' পাওয়া ১৩১ জনের মধ্যে আজ ৬৬ জনের হাতে এই সম্মান তুলে দেওয়া হয়।

এর মধ্যে পশ্চিমবঙ্গের ৬'জন আজ সম্মান গ্রহণ করেন। বিশিষ্ট কাঁথা সেলাই শিল্পী তৃপ্তি মুখোপাধ্যায়, উদ্ভিদ শিক্ষা ও পরিবেশবিদ প্রফেসার গম্বির সিং ইয়োনজোন, ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট ডক্টর সরোজ মন্ডল, অভিনেতা প্রসেনজিৎ চট্টোপাধ্যায় এবং বেনারস ঘরানার তবলা শিল্পী কুমার বোসকে আজ সম্মানিত করা হয়। এরা সকলেই পদ্মশ্রী প্রাপক। এচাহড়াও, আজকের অনুষ্ঠানে প্রখ্যাত নাট্য পরিচালক, নাট্যকার ও অভিনেতা হরিমাধব মুখোপাধ্যায়কে, 'মরণোত্তর পদ্মশ্রী' সম্মানে ভূষিত করা হয়েছে।

****************************

দক্ষিণ ২৪ পরগণা এবং মুর্শিদাবাদ জেলাকে বাদ রেখে গ্রামীণ কর্ম সংস্থানের লক্ষ্যে আপাতত গোটা রাজ্যে 'ভিবিজি রামজি' নতুন আইন কার্যকর হচ্ছে।

নবান্নে আজ বিভিন্ন দফতরের সচিবদের সঙ্গে বৈঠকে এই নির্দেশ দেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বিগত সরকারের আমলে ওই দুই জেলায় মনরেগা প্রকল্পে ১০০ দিনের কাজে সবচেয়ে বেশি দুর্নীতির অভিযোগ উঠেছিল। সেই অভিযোগের তদন্ত চলায় আপাতত ওই দুই জেলায় নতুন এই প্রকল্প চালু করা হচ্ছে না বলে জানা গেছে।

বৈঠকে ঘাটাল মাস্টার প্ল্যান নিয়েও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত হয়েছে। মুখ্যমন্ত্রী জানিয়েছেন, কেন্দ্র ও রাজ্য ৫০ শতাংশ করে খরচ বহন করবে। কেন্দ্রের কর্মসূচির আওতাতেই এই মাস্টার প্ল্যান বাস্তবায়িত হবে বলে নির্দেশ দিয়েছেন তিনি।

****************************

রাজ্যে কর্মসংস্কৃতি এবং বিভিন্ন দপ্তরের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ বৈঠকে বসেন।

নবান্ন সংলগ্ন সভাঘরে আয়োজিত এই বৈঠকে মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব ছাড়া বিভিন্ন দপ্তরের সচিব ও আধিকারিকরা উপস্থিত ছিলেন। বৈঠক নিয়ে সরকারি ভাবে কিছু জানানো না হলেও মূলত নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ শেষ করা, বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয় রেখে সব প্রকল্পকে রূপায়নের উপর জোর দেওয়া হয়েছে। সরকারি নির্দেশ

মেনে সঠিক সময়ে অফিসে আসার কথা বলা হয়েছে। আগের সরকারের সময়ে স্কুলের ইউনিফর্ম তৈরি নিয়ে যে দুর্নীতি হয়েছিল, তা নিয়েও মুখ্যমন্ত্রী সোচ্চার হন। আগামী মাসে নীতি আয়োগের বৈঠক নিয়ে আজ কথা হয়েছে। বিধানসভায় চলতি অর্থ বছরের বাকি আট মাসের জন্যে বাজেট পেশের আগে প্রতিটি দপ্তরকে জুনের দশ তারিখের মধ্যে রিপোর্ট পেশ করার কথা বলা হয়েছে।

আগামী ২২ শে জুন রাজ্য বাজেট পেশ করা হবে বলে জানিয়ে মুখ্যমন্ত্রী, সমস্ত দফতরের সচিবদের প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়ার নির্দেশ দেন।

*****************************

রূপান্তরকামীদের জন্য চালু থাকা প্রকল্পগুলির সুবিধা যাতে সহজেই তাঁদের হাতে পৌঁছয়, তা নিশ্চিত করতে আজ আধিকারিকদের সঙ্গে আলোচনায় বসেন নারী, শিশু বিকাশ ও সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রী অগ্নিমিত্রা পাল। তিনি জানান, আগামীদিনে তিনি রূপান্তরকামীদের প্রতিনিধি দলের সঙ্গে আলোচনায় বসবেন। কেন্দ্রীয় সরকারের কল্যাণমূলক প্রকল্প এই রাজ্যে এতদিন কেন চালু করা হয়নি, তা দেখার জন্য তিনি আধিকারিকদের নির্দেশ দিয়েছেন।

*****************************

রাজ্যে আগামী ১০০দিনের মধ্যে নতুন জমি নীতি আনা হবে বলে বিজেপির রাজ্য সভাপতি, সাংসদ শমীক ভট্টাচার্য জানিয়েছেন। কলকাতায় আজ বণিক সভা ভারত চেম্বার অব কমার্সের এক অনুষ্ঠানে তিনি বলেন, এই মুহূর্তে রাজ্যে জমি নীতি এবং ডেটা পলিসির প্রয়োজন। আধুনিক বিশ্বে বিনিয়োগ,বাণিজ্য বৃদ্ধি ও নতুন কর্মসংস্থান সৃষ্টির জন্য কিছু নীতিগত পরিবর্তন করতে হবে, আনতে হবে নতুন জমি নীতি।

রাজ্য সভাপতি বলেন, অতীতে দল ও সরকারের মধ্যে এক সময় যে সূক্ষ্ম বিভাজন রেখা ছিল,বামফ্রন্ট সরকারের শেষের দিকে তা মুছে গিয়েছিল। বিজেপি অতীতের ঘটনার পুনরাবৃত্তি চায়না। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে বিজেপি কর্মীরা, লড়াই করে রাজ্যে নতুন সরকার প্রতিষ্ঠা করেছে। তবে দল ও সরকারের মধ্যে সূক্ষ্ম বিভাজন রেখা বজায় রেখেই কাজ করা হবে।

*****************************

কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রী ডক্টর বীরেন্দ্র কুমার, আজ উত্তর চব্বিশ পরগনার বরানগরে ন্যাশনাল ইনস্টিটিউট ফর লোকোমোটর ডিসঅ্যাবিলিটিস NILD-তে ৮ টি নতুন প্রকল্পের উদ্বোধন করেছেন। দিব্যাঙ্গ শিশু ও ব্যক্তিদের চিকিৎসার সুবিধার্থে ড্রাইভিং স্টিমুলেটর, দুটি অ্যাম্বুলেন্স, একটি অফিস গাড়ি, স্বল্প দৃষ্টি মূল্যায়ন ক্লিনিক, কম্বিনেশন থেরাপি ইউনিট , স্পিচ এন্ড ল্যাংগুয়েজ থেরাপি ইউনিট ও বুদ্ধিগত দিব্যাঙ্গদের জন্য একটি বিশেষ মোবাইল অ্যাপ্লিকেশনের উদ্বোধন করেন তিনি। গোটা প্রতিষ্ঠান ঘুরে দেখে মন্ত্রী, প্রতিষ্ঠানের কার্যক্রম খতিয়ে দেখেন। রোগীদের মধ্যে ফল বিতরণ ছাড়াও প্রতিষ্ঠানের প্রাঙ্গণে বৃক্ষরোপণ করেন তিনি। মন্ত্রী বলেন, দিব্যাঙ্গজনদের সার্বিক বিকাশে এই প্রতিষ্ঠান কাজ করে চলেছে।

( বাইট- বীরেন্দ্র কুমার )

*****************************

রাজ্যের নতুন মুখ্য নির্বাচনী আধিকারিক হয়েছেন নীলম মিনা। ১৯৯৮ ব্যাচের IAS আধিকারিক নীলম মিনা মনোজ কুমার আগরওয়ালের স্থলাভিশিক্ত হলেন। নির্বাচন কমিশন আজ নিয়োগ সংক্রান্ত এই বিজ্ঞপ্তি জারি করে তাকে অবিলম্বে দায়িত্ব নিতে বলেছে। এর আগে রাজ্য সরকারের তরফে তিনজন IAS আধিকারিকের নাম কমিশনের কাছে পাঠানো হয়েছিল। সেই তালিকায় ছিলেন নীলম মীনা, তন্ময় চক্রবর্তী এবং মৌমিতা গোদারা বসু। শেষ পর্যন্ত নীলম মীনার নামেই সিলমোহর দিল নির্বাচন কমিশন।

উল্লেখ্য, মনোজ কুমার আগরওয়াল রাজ্যের মুখ্যসচিব পদে যোগ দেওয়ার পর থেকেই নতুন CEO নিয়োগের প্রক্রিয়া শুরু হয়। আইন অনুযায়ী মুখ্যসচিব পদে থেকে মুখ্য নির্বাচনী আধিকারিকের দায়িত্ব পালন করা যায় না।

*****************************

অনুপ্রবেশের অভিযোগে ধৃতদের রাখার জন্য জেলায় জেলায় হোল্ডিং সেন্টার তৈরির রাজ্য সরকারের নির্দেশের পর, তৎপর জেলা প্রশাসন। ইতোমধ্যেই, মুর্শিদাবাদে অনুপ্রবেশের অভিযোগে আটক তিন বাংলাদেশি নাগরিককে লালগোলায় পদ্মা ভবনে তৈরী হোল্ডিং সেন্টারে রাখা হয়েছে।

অন্যদিকে, মালদার ইংরেজবাজারের চন্দনপার্কের হোল্ডিং সেন্টারে বাংলাদেশী হিসেবে চিহ্নিত তিন মহিলা সহ ৯ জনকে রাখা হয়েছে। পান্ডুয়া থেকে এঁদের আটক করা হয়।

উল্লেখ্য, ২৩ তারিখ বিজ্ঞপ্তি জারি করে অবৈধ অনুপ্রবেশকারীদের রাখার জন্য জেলায় জেলায় 'হোল্ডিং সেন্টার' বা অস্থায়ী আবাসন গড়ে তোলার নির্দেশ দেয় রাজ্য সরকার।

*****************************

RG Kar-এ নির্যাতিতা তরুণী চিকিৎসকের মা, পানিহাটির বিধায়ক রত্না দেবনাথ, আজ নবান্নে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে দেখা করেন। চিকিৎসকের ধর্ষণ ও হত্যার ঘটনা নিয়ে তাঁদের মধ্যে বেশ কিছুক্ষণ কথা হয় বলে জানা গিয়েছে। পরে সামাজিক মাধ্যমে এক পোস্টে বিধায়ক, এই ঘটনায় প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির কড়া সমালোচনা করেন। ক্ষমতা চলে যাওয়ায় প্রাক্তন মুখ্যমন্ত্রী তাঁর মতোই সর্বহারা বলে উল্লেখ করেছেন তিনি।
উল্লেখ্য, RG Kar-এর ঘটনায় রাজ্য সরকার ইতিমধ্যেই তিনজন IPS আধিকারিককে সাসপেন্ড করে তাদের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত শুরু করেছে। সাসপেন্ড করা হয়েছে, সেখানকার চিকিৎসক অভীক দে-কেও।

*****************************

পুরসভার নির্দেশে বাড়ির অবৈধ অংশ ভেঙ্গে ফেলার নোটিশ পাওয়ার পর, তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বাড়িতে আজ বিকেলে কলকাতা পুলিশের আধিকারিকরা যান। কিছুক্ষণ পর একটি LED মিনিটর নিয়ে বেরিয়ে যান তাঁরা। জানা গেছে, নজরদারির জন্য ব্যবহৃত CCTV-র মনিটর হিসেবে সেটিকে কাজে লাগানো হত। তবে, পুলিশের পক্ষ থেকে এব্যাপারে কিছু জানানো হয়নি।

*****************************

দক্ষিণ কলকাতার একটি বেসরকারি স্কুলে তৃতীয় শ্রেণীর এক পড়ুয়ার মৃত্যুতে স্কুল কর্তৃপক্ষের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ উঠেছে।

বারংবার শরীর খারাপের কথা বলা সত্ত্বেও ওই শিশুকে, বেঞ্চে মাথা নিচু করে বসে থাকার নির্দেশ দেওয়া হয় বলে অভিযোগ। সারাদিন এভাবেই থাকার পর ছুটির সময় ভারী ব্যাগ নিয়ে বেরোনোর সময় সিঁড়ি থেকে পড়ে যায় সে।
১০ দিন হাসপাতালে ভর্তি থাকার পর গতকাল তার মৃত্যু হয়। এরপরই অভিভাবকরা ক্ষোভে ফেটে পড়েন। স্কুলের বিরুদ্ধে কর্তব্যে গাফিলতির অভিযোগ তুলেছেন তারা।

*****************************

রাজ্যে সরকার বদলের পর থেকেই বিভিন্ন পুরসভায় তৃণমূল কংগ্রেস কাউন্সিলাররা পদত্যাগ করছেন। দক্ষিণ ২৪ পরগণার ডায়মন্ড হারবার পুরসভার ৮ জন তৃণমূল কংগ্রেস কাউন্সিলর আজ, মহাকুমা শাসকের কাছে পদত্যাগ পত্র জমা দেন। মেয়াদ শেষ হওয়ার ৮ মাস আগেই তারা পদত্যাগ করলেন। বিজেপি নেতৃত্বাধীন নতুন সরকারের কাছে উন্নয়নের দাবি জানানর পাশাপাশি পুলিশ প্রশাসনের বিরুদ্ধে ডায়মন্ড হারবারে বেআইনি নির্মাণ, একের পর এক পুকুর ভরাট করে তোলাবাজির অভিযোগ করেন তাঁরা। তবে কোনো চাপে বা বিজেপিতে যোগ দেওয়ার জন্য এই পদত্যাগ নয় বলে তাদের দাবী।

উল্লেখ্য, ডায়মন্ড হারবার পুরসভার ১৬টি ওয়ার্ডই বর্তমানে তৃণমূল কংগ্রেসের দখলে। এরমধ্যে ৮ জন কাউন্সিলর নিজেদের দায়িত্ব থেকে সরে দাঁড়িয়েছেন।

*****************************

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায়, দক্ষিণবঙ্গে অস্বস্তিকর আবহাওয়া অনুভূত হলেও, আজ বেশ কিছু জেলায় ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে।
বীরভূম, মুর্শিদাবাদ, নদিয়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম এবং পশ্চিম মেদিনীপুর জেলায় আজ ও আগামীকাল বজ্র বিদ্যুৎ ও দমকা হাওয়া সহ বৃষ্টি হতে পারে। বুধবার থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে। কলকাতা ও সংলগ্ন এলাকাতেও ওই দিন থেকে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।
এদিকে, উত্তরবঙ্গে দার্জিলিং জলপাইগুড়ি কালিম্পং কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায় আজও ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। বুধবার থেকে অবশ্য সেখানে বৃষ্টির পরিমাণ কমবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

*****************************

ভারতীয় ভাস্কর্যে আধুনিকতার অন্যতম পথিকৃৎ রামকিঙ্কর বেইজ-এর আজ ১২০ তম জন্মবার্ষিকী। ১৯০৬ সালের ২৫ মে পশ্চিমবঙ্গের বাঁকুড়ায় জন্মগ্রহণ করেন তিনি। দারিদ্র্যের সঙ্গে লড়াই করেও নিজের শিল্পচর্চাকে থামতে দেননি রামকিঙ্কর।

*********************************************************************